www.ctgcollege.gov.bd
https://ctgcollege.eshikkhabd.com
chittagongcollege1869@gmail.com
ctgcollege@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

**EIIN: 104532**

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ: ৩০/০৮/২০২৬ খ্রিঃ

চট্টগ্রাম কলেজে একাদশ বিজ্ঞান ও মানবিক শাখায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের প্রণীত পরিপত্র অনুসারে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক চট্টগ্রাম কলেজে একাদশ বিজ্ঞান ও মানবিক শাখায় ভর্তি কার্যক্রম পরিচালিত হবে:

**১। আবেদনের যোগ্যতা ও আসন সংখ্যা :**

| বিভাগ | আসন সংখ্যা | ন্যূনতম জিপিএ | এসএসসি / সমমান পাশের বিভাগ |
|---|---|---|---|
| বিজ্ঞান | ৬৬০ | ৫.০০ | বিজ্ঞান শাখা |
| মানবিক | ৩৮০ | ৪.০০ | মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা |

**বি.দ্রঃ বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই**

**২। আবেদন করার পদ্ধতি:**

(ক) ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: **www.xiclassadmission.gov.bd**

(খ) অনলাইনে আবেদনের ক্ষেত্রে একজন শিক্ষার্থীকে ২২০/-(দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ)টি এবং সর্বোচ্চ ১০ (দশ)টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

**৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

(ক) ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবল শিক্ষার্থীর এস.এস.সি. বা সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

(খ) কলেজ / সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ / সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা / কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর / সংস্থায় কর্মরত কর্মকর্তা / কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে ১% সহ মোট ২% আসন মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য নূন্যতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশী হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের **পুত্র-কন্যার** ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণ পত্র / গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করা হবে।

**৪। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (পুনঃনিরীক্ষণসহ পুন:মূল্যায়নের জন্য আবেদন করবে আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) | ০২.০৯.২০২৬ (বুধবার) থেকে ১০/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ২ | পুনঃনিরীক্ষণসহ পুনঃমূল্যায়নে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৩ | পছন্দক্রম পরিবর্তনের সময় | ১২/০৯/২০২৬ (শনিবার) থেকে ১৩/০৯/২০২৬ (রবিবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৪ | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ১৭/০৯/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০টায়) |
| ৫ | শিক্ষার্থীদের নির্বাচন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ১৯/০৯/২০২৬ (শনিবার) রাত ৮:০০ পর্যন্ত |
| ৬ | ভর্তি | ২০/০৯/২০২৬ (রবিবার) থেকে ২২/০৯/২০২৬ (মঙ্গলবার) |
| ৭ | ক্লাস শুরু | ২৩ সেপ্টেম্বর, ২০২৬ (বুধবার) |

৫। **নিশ্চায়ন ফি:** শিক্ষাবোর্ড শিক্ষার্থীর নিকট হতে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি নিম্নোক্ত ফি দিয়ে নিশ্চায়ন করবে।

| ক্রমিক | বিবরণ | পরিমাণ |
|---|---|---|
| ১. | রেজিস্ট্রেশন ফি | ১৪২/- |
| ২. | ক্রীড়া ফি | ৫০/- |
| ৩. | রোভার/রেঞ্জার ফি | ১৫/- |
| ৪. | রেড ক্রিসেন্ট ফি (৪০/-টাকার ৪০%=১৬/-টাকা | ১৬/- |
| ৫. | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭/- |
| ৬. | বি.এন.সি.সি ফি | ১০/- |
| ৭. | শিক্ষক কল্যাণ তহবিল ও অবসর সুবিধা ভাতা ফি | ১০০/- |
| সর্বমোট | | ৩৪০/- |

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইট: **www.xiclassadmission.gov.bd** এবং চট্টগ্রাম কলেজের ওয়েব সাইট: **www.ctgcollege.gov.bd** থেকে জানা যাবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম এ একাদশ শ্রেণির ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম কর্তৃক প্রকাশিত নীতিমালা অনুসরণ করা হবে। একাদশ শ্রেণীর ভর্তির নীতিমালা শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট http://shed.portal.gov.bd এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর ওয়েবসাইট https://web.bise-ctg.gov.bd তে পাওয়া যাবে।

**প্রতি স্বাক্ষর ঃ**

Mozdi 30.12.26

**(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)**
**আইডি নম্বর : ০০৮৫২৮**
**অধ্যক্ষ**
**চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম**

30/08/26

**(প্রফেসর ড. মোঃ আবুল কাশেম)**
**অধ্যাপক, উদ্ভিদবিজ্ঞান**
**ও**
**আহ্বায়ক**
**একাদশ ভর্তি কমিটি : ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ**